# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্বামত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আযান ও ইকামতের মাঝে দুআ

আযান হওয়ার পর এবং ইকামত হওয়ার পূর্বের সময়ে দুআ কবুল হয়ে থাকে। তাই এই সময় দুনিয়া ও আখেরাতের মঙ্গল আল্লাহর নিকট প্রার্থনা করা উচিৎ। মহানবী (ﷺ) বলেন, “আযান ও ইকামতের মাঝে দুআ রদ্দ্ করা হয় না।” (অর্থাৎ মঞ্জুর করা হয়।) (আহমাদ, মুসনাদ, আবূদাঊদ, সুনান ৫২১নং, তিরমিযী, সুনান)

এক বর্ণনায় আছে, “সুতরাং তোমরা এ সময়ে দুআ কর।” (জামে ৩৪০৫ নং)

তিনি আরো বলেন, “দু’টি সময়ে দুআ (প্রার্থনা)কারীর দুআ রদ্দ্ হয় না; যখন নামাযের ইকামত হয় এবং জিহাদের কাতারে।” (হাকেম, মুস্তাদরাক, মালেক, মুঅত্তা, সহিহ তারগিব ২৬০ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2818

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন